গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৩.১৪-২৪০

তারিখ: ২৫ মে, ২০১৫ খ্রিস্টাব্দ
১১ জৈষ্ঠ্য, ১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ ঢেউটিন ও গৃহনির্মাণ মঞ্জুরী বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসক, চাঁদপুর এর স্মারক নং-৫১.০১.১৩০০.০৪১.০৫.০০৬.১৫-৩১১, তারিখঃ ২১/০৪/২০১৫ খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ২১টি পরিবারের মাঝে বিতরণের জন্য ০২ বান্ডিল করে মোট ৪২ (বিয়াল্লিশ) বান্ডিল ঢেউটিন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিজার্ভ হতে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত ঢেউটিনের সাথে বান্ডিল প্রতি ৩০০০/- টাকা হারে গৃহনির্মাণ ব্যয় বাবদ বিতরণের জন্য (৪২ বান্ডিল X ৩০০০/-) হারে মোট ১,২৬,০০০/-(এক লক্ষ ছাব্বিশ হাজার) টাকা জেলা প্রশাসক, চাঁদপুর এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। ঢেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরন করে বিতরন করতে হবেঃ

শর্তাবলীঃ

(১) ঢেউটিন বরাদ্দের ক্ষেত্রে প্রাপকের গৃহ নির্মাণের জন্য নিজস্ব জায়গা থাকতে হবে।

(২) কেবলমাত্র ক্ষতিগ্রস্থ ব্যক্তি/পরিবারকে ঢেউটিন বরাদ্দ দিতে হবে।

(৩) ঢেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বান্ডিল প্রতি ৩০০০/- (তিন হাজার) টাকা হারে ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।

(৪) ঢেউটিনের সাথে বরাদ্দকৃত টাকা ঢেউটিন বিতরণ ব্যতীত অন্য কোন ভাবে বিতরণ করা যাবেনা এবং এ ক্ষেত্রে সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

২। জেলা প্রশাসক বরাদ্দকৃত ঢেউটিন বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ ও সরকারি বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোন: ৯৫৪০১৭৯
email:sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৩.১৪-২৪০/১(৭)

তারিখ: ২৫-০৫-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। ড. মোহাম্মদ শামছুল হক ভূঁইয়া, মাননীয় সংসদ সদস্য, ২৬৩ চাঁদপুর-৪, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চাঁদপুর।
৪। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ।
৭। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)